

আন্তর্জাতিক

মহাকাশে অস্ত্র মোতায়ন করেছে যুক্তরাষ্ট্র, সতর্ক করল চীন-রাশিয়া

প্রতিবেদক: Bangladesh

প্রকাশের তারিখ: বুধবার, ১৬ সেপ্টেম্বর ২০২৬, ১০:৫৫ AM



মহাকাশে অস্ত্র মোতায়নের কথা প্রথমবারের মতো প্রকাশ্যে স্বীকার করেছে যুক্তরাষ্ট্র। দেশটির বিমানবাহিনীর সেক্রেটারি ট্রয় মেইস্ক জানিয়েছেন, প্রতিপক্ষের শত্রুতামূলক কর্মকাণ্ড থেকে মার্কিন বাহিনীকে সুরক্ষা দিতে কক্ষপথে 'মহাকাশ নিয়ন্ত্রণের অস্ত্র' রয়েছে।

মেরিল্যান্ডে স্থানীয় সময় সোমবার অনুষ্ঠিত 'এয়ার, স্পেস অ্যান্ড সাইবার' সম্মেলনে এ কথা জানান মেইস্ক। সম্মেলনের আয়োজক এয়ার অ্যান্ড স্পেস ফোর্সেস অ্যাসোসিয়েশন।

মেইস্ক বলেন, হুমকি যেখান থেকেই আসুক, তা মোকাবিলায় যুক্তরাষ্ট্র প্রস্তুত রয়েছে। এ কারণেই কক্ষপথে মহাকাশ নিয়ন্ত্রণের অস্ত্র রাখা হয়েছে এবং প্রতিরোধের দৃষ্টিকোণ থেকে এগুলো গুরুত্বপূর্ণ।

তবে কী ধরনের অস্ত্র মোতায়ন করা হয়েছে, সে বিষয়ে বিস্তারিত জানাননি তিনি। প্রশ্নোত্তর পর্বেও এ বিষয়ে বিস্তারিত তথ্য দিতে অস্বীকৃতি জানান মেইস্ক। তিনি বলেন, তাঁর বক্তব্যের ভাষা 'খুব ভেবেচিন্তে নির্ধারণ করা হয়েছে'।

মার্কিন এক কর্মকর্তার বরাত দিয়ে ওয়াশিংটন পোস্ট জানিয়েছে, মেইস্ক সম্ভবত এমন প্রযুক্তির কথা বলেছেন, যার মাধ্যমে মার্কিন

স্যাটেলাইট বা সামরিক ব্যবস্থাকে লক্ষ্য করা শত্রুপক্ষের স্যাটেলাইট ধ্বংস করা সম্ভব।

চীন-রাশিয়ার সঙ্গে উত্তেজনার মধ্যে ঘোষণা।

চীন ও রাশিয়ার সঙ্গে যুক্তরাষ্ট্রের মহাকাশকেন্দ্রিক উত্তেজনার মধ্যেই অস্ত্র মোতায়েনের এই স্বীকারোক্তি এলো। বিশেষজ্ঞদের মতে, মহাকাশে মার্কিন অস্ত্র থাকার বিষয়টি এতদিন অনেকটা ঝাপেন সিক্রেট হলেও প্রকাশ্যে এমন বক্তব্য নতুন করে অস্ত্র প্রতিযোগিতার আশঙ্কা তৈরি করতে পারে।

সম্মেলনে মার্কিন স্পেস অপারেশন্সের প্রধান জেনারেল ডগলাস শিয়েসও বক্তব্য দেন। তিনি দাবি করেন, স্পেস ফোর্স না থাকলে ইরানের বিরুদ্ধে অপারেশন এপিক ফিউরি শুরু করা সম্ভব হতো না।

মার্কিন কর্মকর্তাদের ভাষ্য অনুযায়ী, ইরানের বিরুদ্ধে অভিযানের প্রথম ২৪ ঘণ্টায় এক হাজারের বেশি লক্ষ্যবস্তুতে হামলা চালানো হয়। এসব অভিযানে মহাকাশভিত্তিক ব্যবস্থা গুরুত্বপূর্ণ সহায়তা দিয়েছে।

মহাকাশে যুক্তরাষ্ট্রের অস্ত্র মোতায়েনের ঘোষণার পর ওয়াশিংটনকে সতর্ক করেছে চীন।

রাশিয়াও মহাকাশকে অস্ত্রমুক্ত রাখার আহ্বান জানিয়েছে। ফ্রেমলিনের মুখপাত্র দিমিত্রি পেসকভ বলেন, মহাকাশের সম্পূর্ণ নিরস্ত্রীকরণের লক্ষ্যে আন্তর্জাতিক ঐকমত্য প্রয়োজন।

সামনে আসছে স্টার ওয়ার্স-এর সূতি।

যুক্তরাষ্ট্রের বর্তমান তৎপরতা স্নায়ুযুদ্ধের সময়কার মার্কিন প্রেসিডেন্ট রোনাল্ড রিগ্যানের স্ট্র্যাটেজিক ডিফেন্স ইনিশিয়েটিভ বা স্টার ওয়ার্স কর্মসূচির কথা মনে করিয়ে দিচ্ছে।

১৯৮৩ সালে রিগ্যান মহাকাশভিত্তিক প্রতিরক্ষা ব্যবস্থা তৈরির পরিকল্পনা ঘোষণা করেছিলেন। যদিও পরবর্তী সময়ে সেই প্রকল্প আর বাস্তবায়িত হয়নি।

২০১৯ সালে ডোনাল্ড ট্রাম্পের প্রথম মেয়াদে মার্কিন স্পেস ফোর্স প্রতিষ্ঠা করা হয়। সে সময় মহাকাশকে বিশ্বের নতুন যুদ্ধক্ষেত্র হিসেবে উল্লেখ করেছিলেন তিনি। পরে যুক্তরাষ্ট্র গোল্ডেন ডোম নামে বহুস্তরীয় ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থার পরিকল্পনাও সামনে আনে, যার মধ্যে মহাকাশভিত্তিক ইন্টারসেপ্টর রাখার পরিকল্পনা রয়েছে।

মহাকাশে অস্ত্র প্রতিযোগিতা কতটা পুরোনো?

মহাকাশে সামরিক সক্ষমতা বাড়ানোর প্রতিযোগিতা নতুন নয়। যুক্তরাষ্ট্র, চীন, ভারত ও রাশিয়া এরই মধ্যে স্যাটেলাইট বিধ্বংসী অস্ত্রের পরীক্ষা চালিয়েছে।

২০২১ সালে রাশিয়া একটি অব্যবহৃত সোভিয়েত গোয়েন্দা স্যাটেলাইট ধ্বংস করে। এর আগে ২০১৯ সালে ভারতও একটি স্যাটেলাইট ধ্বংস করার সক্ষমতা প্রদর্শন করে।

১৯৫৭ সালে তৎকালীন সোভিয়েত ইউনিয়ন কক্ষপথে স্পুটনিক পাঠানোর পর থেকেই মহাকাশকে কেন্দ্র করে যুক্তরাষ্ট্র ও রাশিয়ার প্রতিযোগিতা শুরু হয়। এবার মহাকাশে অস্ত্র থাকার কথা যুক্তরাষ্ট্রের প্রকাশ্য স্বীকারোক্তি সেই প্রতিযোগিতাকে আরও তীব্র করতে পারে বলে আশঙ্কা তৈরি হয়েছে।



পরমাণু অস্ত্র তৈরির পরিকল্পনা থেকে ইরান সরে এসেছে, দাবি ট্রাম্পের
তেহরানের সঙ্গে চলমান যুদ্ধে ইরানকে পরমাণু অস্ত্র তৈরি থেকে বিরত রাখা যুক্তরাষ্ট্রের অন্যতম প্রধান লক্ষ্য। তবে এবার ট্রাম্প দাবি করেছেন, ইরান...



সীমান্তে অনুপ্রবেশের ঘটনায় পাকিস্তানি কূটনীতিককে তলব ভারতের
সীমান্ত দিয়ে অনুপ্রবেশ এবং সীমান্ত এলাকায় পাকিস্তানি মাদক চক্রের তৎপরতার অভিযোগে পাকিস্তানের কাছে কড়া প্রতিবাদ জানিয়েছে ভারত। ভারতীয় সংবাদ সং...



রিয়াদে আরামকো স্থাপনায় ফেপপাস্ত্র-ড্রোন হামলার দাবি হুতিদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক ফেপপাস্ত্র ও ড্রোন দিয়ে হামলার দাবি করেছে ইয়েমেনের সশস্ত্র...



হুখিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুখি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার
পরিকল্পনা নিয়ে কাজ করছে র...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/mhakashe-ostr-motayen-krechhe-juktrasht-strk-krl-chin-rashiya>